

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

ইসলামিক ফাউন্ডেশন

কক্সবাজার জেলা কার্যালয়।

মডেল-সাধারণ কেয়ারটেকার ও কর্মী পদে নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের (৭ম পর্যায়) কক্সবাজার জেলা/উপজেলা পর্যায়ে নিধারিত সম্মানীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্প মেয়াদকালীন (২০২০-২০২৪) সময়ের জন্য মডেল-সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকার ও কর্মী পদে লোক নিয়োগ করা হবে। কেয়ারটেকার ও কর্মী পদের জন্য নিম্নবর্ণিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.ম	উপজেলা	রিসোর্স সেন্টারের নাম ও ঠিকানা	পদের নাম ও সংখ্যা
০১	চকরিয়া	মডেল রিসোর্স সেন্টার, চকরিয়া উপজেলা পরিষদ	মডেল কেয়ারটেকার ১টি
০২	রামু	গর্জনীয়া সাধারণ রিসোর্স সেন্টার, রামু	সাধারণ কেয়ারটেকার ১টি
০৩	উখিয়া	বালুখালী সাধারণ রিসোর্স সেন্টার, উখিয়া	সাধারণ কেয়ারটেকার ১টি
০৪	উখিয়া	মরিচ্যা সাধারণ রিসোর্স সেন্টার, উখিয়া	সাধারণ কেয়ারটেকার ১টি
০৫	টেকনাফ	সেন্টমার্টিন সাধারণ রিসোর্স সেন্টার, টেকনাফ	সাধারণ কেয়ারটেকার ১টি
০৬	চকরিয়া	ডুলাহাজারা সাধারণ রিসোর্স সেন্টার, চকরিয়া	সাধারণ কেয়ারটেকার ১টি
০৭	পেকুয়া	টইটং হাজী বাজারসাধারণ রিসোর্স সেন্টার পেকুয়া	সাধারণ কেয়ারটেকার ১টি
০৮	কুতুবদিয়া	কুতুব শরীফ দরবার সাধারণ রিসোর্স সেন্টার, কুতুবদিয়া	সাধারণ কেয়ারটেকার ১টি
০৯	জেলা কার্যালয়	কক্সবাজার জেলা কার্যালয়, কক্সবাজার।	কর্মী ১টি

শর্তাবলী :

- ১। মডেল রিসোর্স সেন্টারের কেয়ারটেকার পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : ফাজিল/দাওরায়ে হাদীস/স্নাতক পাশ হতে হবে, মাসিক সম্মানী ৭,৫০০/- টাকা।
- ২। সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকার পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : আলিম/দাওরায়ে হাদীস/এইচএসসি পাশ হতে হবে, মাসিক সম্মানী ৬,৫০০/- টাকা।
- ৩। ২৫/০৬/২০২৪ তারিখে মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারের কেয়ারটেকার পদে আবেদনকারীর বয়স ১৮ হতে ৪০ বৎসর এবং কর্মীর বয়স ২০ থেকে ৩০ বৎসর হতে হবে।
- ৪। স্থানীয় ব্যক্তিদের সহযোগীতায় সরকারী স্থাপনায় বা মসজিদ সংলগ্ন স্থানে বিনা ভাড়ায় (ঘর) এবং নিজ দায়িত্বে সাধারণ রিসোর্স সেন্টারের জন্য যে অগ্রহী প্রার্থী ঘরের ব্যবস্থা করতে পারবেন শুধুমাত্র তাঁরাই সাধারণ রিসোর্স সেন্টারের সাধারণ কেয়ারটেকার পদে আবেদন করতে পারবেন।
- ৫। কেয়ারটেকারের বাসস্থান রিসোর্স সেন্টারের ২ (দুই) কিলোমিটার এর মধ্যে হতে হবে এবং তাঁকে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় ও স্থায়ী বাসিন্দা হতে হবে। আলেম ও প্রশিক্ষণপ্রাপ্ত ইমামগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- ৬। আবেদনকারীকে আবেদনের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৭। (ক) কমিউনিটির ২ জন বিশিষ্ট ব্যক্তি/দুই জন সরকারি কর্মকর্তা (১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান/ কলেজ/ মাদ্রাসা/ বিদ্যালয় প্রধান/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি) সুপারিশ/প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে (প্রত্যয়নকারীর স্বাক্ষর, নাম, পদবী, মোবাইল নম্বর ও প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বরসহ)
(খ) রিসোর্স সেন্টার পরিচালনার ক্ষেত্রে ইউনিয়ন/ওয়ার্ড কমিশনারের এবং মসজিদ কমিটি বা কমিউনিটির সার্বিক সহযোগিতা করার অঙ্গিকার থাকতে হবে। যেস্থানে রিসোর্স সেন্টার পরিচালনা করা হবে সে এলাকার লিখিত প্রত্যয়ন ও এ জাতীয় সুপারিশ/অনাপত্তিপত্র প্রদান করতে হবে।
- ৮। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জাতীয়তা, ধর্ম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, অভিজ্ঞতা, মোবাইল নম্বর উল্লেখ করত: স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২৫/০৬/২০২৪ তারিখ অফিস সময়ের মধ্যে উপ-পরিচালক ইসলামিক ফাউন্ডেশন, আসাদ কমপ্লেক্স, প্রধান সড়ক, কক্সবাজার বরাবর ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে।
- ৯। কর্মীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির এস.এস.সি বা সমমানের ডিগ্রীধারী হতে হবে। অফিসের প্রয়োজনে অফিস সময়ের আগে ও পরে দায়িত্ব পালন করতে হবে। মাসিক সম্মানী ১২,৭৩০/- টাকা।
- ১০। সোনালী ব্যাংকের যেকোন শাখা থেকে সোনালী ব্যাংক কক্সবাজার শাখার অনুকূলে "ইসলামিক ফাউন্ডেশন কক্সবাজার" শিরোনামে কেয়ারটেকার পদের জন্য ১০০/-টাকা এবং কর্মী পদের জন্য ২০০/-টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ১১। ইত:পূর্বে যারা কেয়ারটেকার ও কর্মী পদ থেকে বিশেষ কারণে বাদ পড়েছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।
- ১২। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগ কমিটি সংরক্ষণ করেন।

উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন কক্সবাজার।

৩৩ নং-১৪৯/২৪

২০২৪
০৮/০৬/২০২৪
কক্সবাজার, প্রকাশিত
ইউনিয়ন